দৈনিক ইত্তেফাক

তারিখ 05 FEB 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭

15

# গাজীপুরে ৪৮ ঘন্টা হরতালের প্রথম দিন অতিবাহিত

( ইত্তেফাক রিপোর্ট )

ইসলামী বিশ্ববিদ্যালয় গাজী-
পুর হইতে স্থানান্তর আদেশ প্রত্যা-
হারের দাবীতে সর্বদলীয় বিশ্ব-
বিদ্যালয় স্থানান্তর প্রতিরোধ কমিটির

শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃঃ পর)

আহ্বানে ৪৮ ঘন্টা হরতালের প্রথম
দিনে গতকাল (রবিবার) গাজী-
পুরে হরতাল পালিত হয়। বাস-
ট্রাক চলাচল বন্ধ ছিল। তবে
ট্রেন ও রিক্সা চলাচল করে।
দোকানপাট অধিকাংশ বন্ধ ছিল।
বিকালের দিকে অধিকাংশ দোকান-
পাট খোলা হয়। শিক্ষা প্রতিষ্ঠানে
ক্লাস হয় নাই। ইসলামী বিশ্ববিদ্যা-
লয়ের আশেপাশের মিল কার-
খানাগুলি বন্ধ ছিল। সকালে
ইসলামী বিশ্ববিদ্যালয়ের সম্মুখে
ছাত্র-জনতা রাস্তায় বিক্ষোভ
প্রদর্শন করে। ছাত্র-জনতা
ইসলামী বিশ্ববিদ্যালয়ের সম্মুখে

গাজীপুরে

ও টঙ্গীর এরশাদনগরে রাস্তায়
কাঠের গুঁড়ি ফেলিয়া বেরি-
কেড তৈরী করে। দুপুরে গাজী-
পুর শহরে স্থানীয় মাদ্রাসার ছাত্ররা
মিছিল বাহির করে। পরে শহরের
বটতলায় গাজীপুর কেন্দ্রীয় জামে
মসজিদের ইমাম আলহাজ্ব মাওলানা
হাফিজ উল্লা আকন্দের সভাপতিত্বে
এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।
বিকালে টঙ্গী বাজারে রানা আহ-
মদের সভাপতিত্বে এক সমাবেশ
অনুষ্ঠিত হয়। টঙ্গীর চেরাগ আলী
মার্কেটেও সমাবেশ হয়। গতকাল
দুপুরে ঢাকা হইতে ভৈরব অভিমুখী
ঈশাখাঁ এক্সপ্রেস ট্রেনটি পুবাইল
ষ্টেশনে পৌছিলে হরতালকারীরা
ট্রেনে ইটপাটকেল নিক্ষেপ করে।
ফলে ট্রেনের চালক আহত হয়।
ট্রেনটি আড়িখোলা ষ্টেশনে রাখিয়া
আহত চালককে চিকিৎসার জন্য
লইয়া যাওয়া হয়। পরে ঢাকা
হইতে চালক আসিয়া বিকাল ৪টা
৩৫ মিনিটে ট্রেনটি চালাইয়া
লইয়া যায়।